গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ আগামী ১৫ আগস্ট, ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ১০-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সভাপতি : জনাব জাহিদ মালেক, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**তারিখ : ১০-০৮-২০২০ খ্রিঃ**
**সময় : বিকাল ৩:০০ টা**
**স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) Online Zoom-এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং ১৫ আগস্ট, ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধুর পরিবারের সকল শহীদদের রূহের মাগফেরাত কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে জাতীয় শোক দিবস পালনের উপর গুরুত্ব আরোপ করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২. | জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডির ৩২ নম্বরে এবং ঢাকার বনানী কবরস্থানে ১৫ আগষ্ট ২০২০ সকালে কর্মসূচি দু'টির বাস্তবায়নের লক্ষ্যে এস এস এফ সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সময়ে এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যান্ডেলের নির্ধারিত স্টলে উপস্থিত থাকবে। একইসঙ্গে ধানমন্ডি ৩২ নম্বরে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগের উপসচিব (পার-৩) জনাব আবু রায়হান মিঞা ধানমন্ডির ৩২ নম্বরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের বিষয়ে এবং উপসচিব (প্রশাসন-২) জনাব মোঃ আবদুছ সালাম বনানী কবরস্থানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট থেকে এ বিভাগের প্রতিনিধিত্ব করবেন।<br><br>মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিভিল সার্জন, ঢাকা |
| ৩. | ১৫ আগস্ট ২০২০ শনিবার সকাল ৯:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত অনুষ্ঠানে সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। সিভিল সার্জন, গোপালগঞ্জ এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গীপাড়া। |
| ৪. | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে ১৫ আগস্ট, ২০২০ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক সংবাদপত্রে শোকবার্তা প্রেরণ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, |

| | | |
|---|---|---|
| ৫. | স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় (জেলা ও উপজেলা পর্যায়ে) সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করে জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, ডিসি, এসপিসহ সকল সরকারি দপ্তর প্রধান ও অন্যান্যদের আমন্ত্রণ জানিয়ে আলোচনা সভা, কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল) |
| ৬. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়ন/কমিউনিটি ক্লিনিক পর্যন্ত) ব্যানার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে প্রর্দশনের ব্যবস্থা করতে হবে। একইসঙ্গে সকল বেসরকারি স্বাস্থ্য সেবা ও মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ব্যানার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে প্রর্দশনের ব্যবস্থা করতে হবে এবং সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে অন্যান্য কর্মসূচী পালন করবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর পরিচালক (সকল), সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল), কমিউনিটি ক্লিনিক ইনচার্জ |
| ৭. | ১৫ আগস্টের নির্মমতা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সংক্ষিপ্ত বিজ্ঞাপন স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সৌজন্যে টেলিভিশনের স্ক্রলে প্রচার করতে হবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো |
| ৮. | স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে শহরের গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্লেকার্ড/ফ্লায়ারের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। একইসঙ্গে Covid-19 জনিত মহামারীর প্রেক্ষিতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি সম্পর্কিত প্রচারনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৯. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকার চিকিৎসা ফি নেয়া যাবেনা। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর পরিচালক (সকল), সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল) |
| ১০. | জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি জেলা উপজেলাসহ সকল পর্যায়ে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে পালন করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ১১. | সারা দেশে সকল সরকারি হাসপাতালের রোগীদের জন্য উন্নত মানের খাবার পরিবেশন করতে হবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিচালক/তত্ত্বাধায়ক (সকল হাসপাতাল), সিভিল সার্জন (সকল), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)। |
| ১২. | জাতীয় শোক দিবস পালনের সকল প্রস্তুতি ১৩-০৮-২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, এবং এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বর্ণিত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত একটি উপ-কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ | - | আহবায়ক |
| ২. যুগ্মসচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ৪. যুগ্মসচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ৫. উপসচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ৬. উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| ৭. উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য সচিব |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০-০৮-২০২০
(জাহিদ মালেক, এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৪৭
তারিখঃ ১০-০৮-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল),স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। পরিচালক/অধ্যক্ষ (সকল)................................................................................
৯। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১০। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
১৩। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)...................................................................
১৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৭। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

18.08.2020

(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

Local Disk (H)/admin-1/SHILA/15 August /Karjo-biboroni